সংবাদ।

তারিখ ২৬/৪/৮১
পৃষ্ঠা...

# বাংলাদেশ-সোভিয়েত শিক্ষা সংক্রান্ত প্রটোকল সই

বাংলাদেশ ও সোভিয়েত ইউনিয়নের মধ্যে গতকাল বুধবার শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত পাঁচ বছর মেয়াদী (১৯৮১-৮৫) একটি প্রটোকল সই হয়েছে।

এই প্রটোকলের অধীন সোভিয়েত ইউনিয়নে বাংলাদেশী ছাত্রদের প্রকৌশল, চিকিৎসা কৃষি, শিক্ষক প্রশিক্ষণ ও সাংস্কৃতিক ক্ষেত্রে গ্রাজুয়েট ও আণ্ডার গ্রাজুয়েট পর্যায়ে প্রশিক্ষণ দেয়া হবে।

শিক্ষা সচিব ও বাংলাদেশে নিযুক্ত সোভিয়েত রাষ্ট্রদূত মিঃ ভি স্টেপানভ নিজ নিজ সরকারের পক্ষে প্রটোকলে সই করেন। খবর তথ্য বিবরণীর।